

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.


স্মারক নং-৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫.২০১৫-৫৭০

তারিখ : ২৫ এপ্রিল, ২০১৬।

বিষয় : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্বখাতভুক্ত (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গাড়ি চালক ও অফিস সহায়ক) কর্মচারীদের বেতন নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার উপজেলা পরিষদের কর্মচারীদেরকে (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গাড়ি চালক ও অফিস সহায়ক) সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর সুবিধাদি প্রদানে সম্মত হয়েছে। তবে এ ব্যাপারে বেতন নির্ধারণ ও প্রদানের ক্ষেত্রে অবশ্যই জাতীয় বেতন স্কেল সংক্রান্ত অর্থ বিভাগের ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখের এস.আর.ও নং-৩৬৯-আইন/২০১৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

এমতাবস্থায়, উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর বিধি ৮ অনুযায়ী ১ জুলাই, ২০১৫ হতে উপজেলা পরিষদের রাজস্বখাতভুক্ত কর্মচারীদের (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গাড়ি চালক ও অফিস সহায়ক) বেতন জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান (সকল),.....উপজেলা পরিষদ,জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা,জেলা।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল),.....জেলা।
- ৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল),.....উপজেলা,জেলা।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক (সকল),জেলা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।